

ব্র্যাক ব্যাংক লিমিটেড

হেড অফিস, অনিক টাওয়ার, তেজগাঁও লিংক রোড, গুলশান, ঢাকা-১২০৮

বন্ধকী সম্পত্তির নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা অনুসারে

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ব্র্যাক ব্যাংক লিঃ, হেড অফিস, অনিক টাওয়ার, তেজগাঁও লিংক রোড, গুলশান, ঢাকা-১২০৮ এর বিনিয়োগ গ্রহীতা-এইচ.ডি ফ্যাশান, মালিক-জনাব মোঃ জাফর হাওলাদার, ব্যবসায়িক ঠিকানা-বাড়ী#১৮, বাদশারটেক, উত্তরা, ঢাকা। যার বর্তমান ঋণ স্থিতির পরিমাণ-২৩,৫৭,৭৫১.২০ (কথায় : তেইশ লক্ষ সাতান্ন হাজার সাতশত একান্ন টাকা বিশ পয়সা মাত্র) গত ২০.০৬.২০১৭ পর্যন্ত পাওনা রহিয়াছে (আরোপিত সুদ ও অনারোপিত সুদ ব্যতিত)। উক্ত টাকা আদায়ের নিমিত্তে বিনিয়োগ গ্রহণকারী প্রতিষ্ঠানের বিনিয়োগের বিপরীতে (১) জনাব মোঃ জাফর হাওলাদার, পিতা: হাকিম হাওলাদার, বাড়ী#১৮, বাদশারটেক, উত্তরা, ঢাকা কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলমূলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত ব্যাংক নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণ হইতে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

Mortgage Property Schedules

Particulars

All that piece & parcel for the land measuring 23 decimals, situated within Disgtrict-Jhalokathi, P.S-Rajapur, Sub-Registry Office-Rajapur, Mouza-Angariya, Khatian-S.S-632,616,625,B.S-442, Dag No-173,345,351,380,309,380,346 B.S Dag No-517,515 together with all rights, title, interest, easements etc, Butted and bounded by on the North: Aninuddin Kha & Other, On the East :Rahman Talukder and On the West: Road along with structure & building constructed or to be constructed thereon

নিলামের শর্তাবলী

১) প্রত্যেক দরপত্র দরদাতার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অক্ষরে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। ২) দরপত্র আগামী ১২-১২-২০১৭ ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ঠিকানায় রক্ষিত দরপত্র ব্যাঙ্কে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ২ নং শর্তে উল্লেখিত ঠিকানায় ব্র্যাক ব্যাংক লিঃ এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। ৪) অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন। ৫) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হইলে এবং কম জামানত প্রদানকারী কিংবা ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। ৬) উপরে বর্ণিত (৩) ও (৪) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন। ৭) নিলামে অংশ গ্রহণ ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানিবার জন্য এবং নিলামে অংশগ্রহণের পূর্বে বন্ধকী সম্পত্তি সম্পর্কিত যাবতীয় দলিলাদি পর্যবেক্ষণ করার জন্য ব্যাংকের উক্ত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন। ৮) কোন কারন দর্শানো ব্যতিরেকে হস্তান্তর দলিল সম্পাদন হওয়ার পূর্ব পর্যন্ত দরপত্র বাতিল করিবার অধিকার ব্র্যাক ব্যাংক লিঃ সংরক্ষণ করে। আদালতের কোন আদেশ অথবা রায়ের কারণে দরপত্র বাতিল করার ক্ষেত্রে সফল দরদাতাকে শুধুমাত্র তাঁহাদের জমাকৃত টাকা ফেরত দেওয়া হইবে। দরপত্র গৃহীত হয় নাই এমন দরপত্র দাতাদেরকে তাঁহাদের জামানতের টাকা যথাশীঘ্র সম্ভব (১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা ব্যতিরেকে) ফেরত দেওয়া হইবে। ৯) দরদাতাগণ বা তাঁহাদের প্রতিনিধিগণ (যদি উপস্থিত থাকেন) এর সম্মুখে আগামী ১২-১২-২০১৭ ইং তারিখে বিকেল ৩.০০ ঘটিকায় ২ নং শর্তে উল্লেখিত ব্র্যাক ব্যাংক লিঃ এর অফিসে দরপত্র ব্যাঙ্ক খোলা হইবে। কৃতকার্য দরদাতাকে দলিল সম্পাদনের যাবতীয় দায়িত্ব এবং সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি বহন করিতে হইবে। দলিল সম্পাদনের পর কোন অভিযোগ গ্রহণযোগ্য হইবে না। ১০) সফল দরদাতাকে অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ এর ১২(৫) ধারা মোতাবেক সম্পত্তি দখল প্রদানের বিষয়ে সহযোগিতা করা হইবে।

দরপত্র দাখিলের ঠিকানাঃ লিগ্যাল এ্যাফেয়ার্স ডিভিশন, সেপাল প্রাটিনাম টাওয়ার, ৪র্থ তলা, ২৪৭-২৪৮, বীর উত্তম মীর শওকত আলী সড়ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন নং- ০১৭১৪০৮৪৫০৩, ০১৭১৪০৮৪৯১৭।